# বিরোধী দলের মদদে পাটোয়ারী-সিফাতরা গালিগালাজ করছে: এ্যানি



শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। ছবি: সংগৃহীত

বিরোধী দলের আশ্রয়-প্রশ্রয়ে নাসীরুদ্দীন পাটোয়ারী ও সিফাতরা প্রধানমন্ত্রী তারেক রহমান এবং জিয়া পরিবারকে লক্ষ্য করে অশালীন ও আপত্তিকর বক্তব্য দিচ্ছেন বলে অভিযোগ করেছেন পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। তিনি বলেন, এ ধরনের গালিগালাজ ফৌজদারি অপরাধের আওতায় পড়ে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সকালে বাংলা একাডেমিতে জিয়া স্মৃতি পাঠাগার আয়োজিত নয় দিনের বইমেলার আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

অশালীন ভাষায় বক্তব্য দেওয়া ব্যক্তিদের বিরুদ্ধে দেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ গড়ে তোলার জন্য ছাত্রদলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান পানিসম্পদমন্ত্রী।

শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, ফ্যাসিবাদী শক্তির সঙ্গে সুর মিলিয়ে বিরোধী দল ডিসেম্বরে এক দফার আন্দোলনের ডাক দিচ্ছে। তার ভাষায়, যারা ‘গুপ্তবাহিনী’ হিসেবে কাজ করছে, তারা যে ধরনের সাহস নিয়ে কথা বলছে, অতীতে ফ্যাসিবাদী শক্তিও এতটা সাহস দেখাতে পারেনি।

অতীতের নানা বিষয় বিবেচনায় নিয়ে এসব তৎপরতার বিষয়ে ছাত্রদলের নেতাকর্মীদের সতর্ক ও সজাগ থাকার আহ্বানও জানান তিনি।